

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫৭৩

২৬/পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ২৬/৭. পরিধেয় বস্ত্রের সর্বনিম্ন সীমা

وْضِعِ الْإِزَارِ أَيْنَ هُوَ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنِ الْعَلاَءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِيهِ، قَالَ قُلْتُ لأَبِي سَعِيدٍ هَلْ سَمِعْتَ مِنْ، رَسُولِ اللَّهِ - صلى الله عليه وسلم - شَيْئًا فِي الْإِزَارِ قَالَ نَعَمْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ - صلى الله عليه وسلم - يَقُولُ " إِزْرَةُ الْمُؤْمِنِ إِلَى الْإِزَارِ قَالَ نَعَمْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ - صلى الله عليه وسلم - يَقُولُ " إِزْرَةُ الْمُؤْمِنِ إِلَى أَنْصَافِ سَاقَيْهِ لاَ جُنَاحَ عَلَيْهِ مَا بَيْنَهُ وَبَيْنَ الْكَعْبَيْنِ وَمَا أَسْفَلَ مِنَ الْكَعْبَيْنِ فِي النَّارِ " . يَقُولُ ثَلاَتًا " لاَ يَنْظُرُ اللَّهُ إِلَى مَنْ جَرَّ إِزَارَهُ بَطَرًا " .

বাংলা

৩/৩৫৭৩। আলা ইবনে আবদুর রহমান (রাঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি আবূ সাঈদ (রাঃ) কে জিজ্ঞেস করলাম, আপনি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট লুঙ্গি সম্পর্কে কিছু শুনেছেন? তিনি বলেন, হাঁ। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ মুমিন ব্যক্তির লুঙ্গি তার দু' জঙ্ঘার মধ্যাংশ পর্যন্ত (প্রলম্বিত হতে পারে), তবে জঙ্ঘা থেকে গোছা পর্যন্ত (প্রলম্বিত হওয়ায়) কোন দোষ নেই। কিন্তু গোছার নিমাংশে পৌঁছলে তা জাহান্নামে যাবে। এ কথা তিনি তিনবার বলেছেন। যে ব্যক্তি অহংকারবশে তার লুঙ্গি (গোছার নিচে) ঝুলিয়ে পরে আল্লাহ তার দিকে তাকাবেন না।

English

It was narrated from 'Ala bin 'Abdur-Rahman that his father said:
"I said to Abu Sa'eed: 'Did you hear anything from the Messenger of Allah
() concerning the lower wrap?' He said: 'Yes. I heard the Messenger of
Allah () say: 'The lower wrap of the believer should come to mid-calf, but
there is no sin on him if it comes between that point and the ankle. But
whatever is lower than the ankle is in the Fire.' And he said three times:
'Allah will not look at the one who lets his lower wrap drag out of vanity.'"



ফুটনোট

আবূ দাউদ ৪০৯৩, আহমাদ ১০৬২৭, ১০৬৪৫, ১১০০৪, ১১০৯৫, ১১৫১৫, মুয়ান্তা মালেক ১৬৯৯, মিশকাত ৪৩৩১। তাহকীক আলবানীঃ সহীহ। আ'লা বিন আবদুর রহমান সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সিকাহ তার খারাফী সম্পর্কে কারো কাছ থেকে কিছু শুনিনি। ইমাম তিরমিয়ি বলেন, তিনি হাদিস বিশারদগণের নিকট সিকাহ। ইমাম নাসান্ট বলেন, কোন সমস্যা নেই। ইবনু আদী বলেন, আমি কোন সমস্যা দেখি না। ইবনু হিব্বান তাকে সিকাহ ভলেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৫৭৭, ২২/৫২০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন